

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
তথ্য মন্ত্রণালয়
অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট,
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
ই-মেইল: bctibd2013@gmail.com ওয়েবসাইট: www.bcti.gov.bd

নং-বাচটেই/পত্রিকা/২০১৫/২৮৫৫

তারিখ: ০২ ফেব্রুয়ারি ২০১৭

‘বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা’

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের ষাণ্মাসিক-এর ৫ম সংখ্যার জন্য

লেখা আহ্বান

এতদ্বারা বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের ষাণ্মাসিক ‘বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা’-র ৫ম সংখ্যার জন্য লেখা আহ্বান করা যাচ্ছে। চলচ্চিত্র ও টেলিভিশনের ইতিহাস, চলচ্চিত্র সমালোচনা, চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ক শিক্ষণ-প্রশিক্ষণ, নিউ-মিডিয়ার গতিপ্রকৃতি ও ব্যাপ্তি, অনুবাদ, স্মৃতিচারণ, চিত্রনাট্য, প্রযুক্তি, নিউজ রিপোর্ট, সংস্কৃতি ও শিল্পভাবনা, গ্রন্থ আলোচনা ইত্যাদি বিষয়ে লিখতে আগ্রহী লেখকদের কাছ থেকে পত্রিকার জন্য লেখা আহ্বান করা হচ্ছে। লেখা পাঠানোর শেষ তারিখ ৩১ মার্চ ২০১৭। উল্লেখ্য, শব্দসীমা অনুর্ধ্ব ৫,০০০ (পাঁচ হাজার)।

লেখকগণকে লেখার বিষয়বস্তুর সাথে ভাল মানের সংশ্লিষ্ট/প্রাসঙ্গিক ছবিসহ পাঠাতে হবে। লেখা সম্পূর্ণ মৌলিক এবং পূর্বে কোথাও প্রকাশিত হয়নি মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে। লেখার হার্ডকপি ও সফটকপি (SutonnyMJ ফন্টে) সরাসরি অথবা ই-মেইলযোগে (bctibd2013@gmail.com) পাঠাতে অনুরোধ করা হচ্ছে।

লেখার জন্য লেখককে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।

লেখা নির্বাচনে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।


ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন

সম্পাদক

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট পত্রিকা

ও

প্রধান নির্বাহী

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

ফোন: ৫৫০৭৯৪৪০

যোগাযোগ: বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট
অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট (৪র্থ তলা)
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬
মোবাইল: ০১৭০৮৫২২৬০১, ০১৭০৮৫২২৬০৫